



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

তারিখঃ ১২/০৩/২০১৯ খ্রি:

## বরিশাল বিশ্ববিদ্যালয়ে ‘টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয় গবেষণা ও সম্প্রসারণ অফিসের আয়োজনে ‘টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। অদ্য ১২ মার্চ সকাল ১১ ঘটিকায় বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা অডিটোরিয়ামে গবেষণা ও সম্প্রসারণ অফিসের পরিচালক, কোস্টাল স্টাডিজ এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগের চেয়ারম্যান ড. হাফিজ আশরাফুল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে মূখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন এলজিআরডি মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) ও বরিশাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত সিন্ডিকেট সদস্য মোঃ আমিনুল ইসলাম খান। মূখ্য আলোচক টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে মানসম্মত শিক্ষা, কর্মের প্রতি একাগ্রতা, সততা, নিষ্ঠা, আন্তরিকতা, স্বচ্ছতা ও জবাবদিহিতার উপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, প্রত্যেককে প্রত্যেকের অবস্থান থেকে নিষ্ঠার সাথে কাজ করে যেতে হবে, তাহলেই এসডিজি বাস্তবায়ন সম্ভব। সেমিনারে বিশ্ববিদ্যালয়ের কলা ও মানবিক অনুষদের ডিন, ইংরেজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন, বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন, মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান এবং রেজিস্ট্রার ড. মোঃ হাসিনুর রহমান, প্রক্টর ড. সুব্রত কুমার দাস সহ বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, শিক্ষকমন্ডলী, পরিচালকবৃন্দ এবং দৈনিক আজকের পরিবর্তন পত্রিকার প্রকাশক ও সম্পাদক কাজী মিরাজ মাহমুদ উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস